

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৯২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ সালামের সময় মুসলিমদের সাথে মুসাফাহ করা বৈধ

ذِكْنُ إِبَاحَةِ الْمُصَافَحَةِ لِلْمُسْلِمِينَ عِنْدَ السَّلَام

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا هُدْبَهُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا هَمَّامٌ حَدَّثَنَا قَتَادَةُ قَالَ: قُلْتُ لِأَنسِ بْنِ مَالِكِ: أَكَانَتِ الْمُصَافَحَةُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: نَعَمْ. قَالَ قَتَادَةُ: وَكَانَ الْحَسَنُ يُصَافِحُ.

الراوي: قَتَادَةُ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 492 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৪৯২. কাতাদাহ রহিমাহুল্লাহ বলেন, "আমি আনাস রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর যামানায় কি মুসাফাহ এর প্রচলন ছিল?" জবাবে তিনি বলেন: "হ্যাঁ।" কাতাদাহ রহিমাহুল্লাহ আরো বলেন: "হাসান আল বাসরী রহিমাহুল্লাহ মুসাফাহ করতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬২৬৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩২৫; তিরমিযী: ২৭২৯; সুনান বাইহাকী: ৭/৯৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৬১৯।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৪৯২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ কাতাদাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন